প্রধানমন্ত্রী হিসাবে দেখতে চান রাহুল গান্ধীকে দীপিকা

দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে হামলার বিরুদ্ধে গর্জে উঠেছে ভারত। সমাজের প্রায় সব স্তরের মানুষ প্রতিবাদে ফুঁসছে। বলিউড তারকারাও অন্তর্জালে প্রতিবাদ জানাচ্ছেন। সেই প্রতিবাদে শামিল হয়েছেন দীপিকা পাড়ুকোনও।

ভারতীয় সংবাদমাধ্যম জি নিউজের প্রতিবেদনে বলা হয়েছে, জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ঐশী ঘোষ, কানহাইয়া কুমারের পাশে দাঁড়াতে দেখা গেছে দীপিকাকে। এসবেরই মাঝেই ভাইরাল হয়েছে দীপিকার একটি পুরোনো সাক্ষাৎকারের ভিডিও, যেখানে তিনি রাহুল গান্ধীকে প্রধানমন্ত্রী হিসেবে দেখতে চেয়েছেন।

ডিডি নিউজকে দেওয়া দীপিকার ওই সাক্ষাৎকারের ভিডিওটি অনেক পুরোনো। যেখানে দীপিকাকে স্পষ্ট বলতে শোনা গেছে, ‘আমি যদিও রাজনীতির বিশেষ কিছুই বুঝি না। তবে টিভিতে যেটুকু দেখছি, তাতে আমার মনে হয়েছে রাহুল গান্ধী যা কিছুই করছেন, তাতে তিনি যুবসমাজের কাছে একটা উদাহরণ। আশা করি, ওনাকে একদিন প্রধানমন্ত্রী হিসেবে দেখতে পাব।’

গত মঙ্গলবার দীপিকা কানহাইয়া কুমার ও ঐশী ঘোষের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে ক্যাম্পাসে আন্দোলনরত পড়ুয়াদের সঙ্গে দাঁড়ান। অনেকে তাঁর প্রশংসা করলেও ক্ষমতাসীন দলের কর্মীদের তোপের মুখে পড়েন। অনেকে তাঁর সিনেমা বয়কটের কথাও বলেন।

একটি টিভি চ্যানেলকে দেওয়া সাক্ষাৎকারে জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে হামলা প্রসঙ্গে দীপিকা বলেন, ‘আমার গর্ব হচ্ছে যে আমরা ভয় পাই না। আমরা আমাদের নিজেদের দৃষ্টিভঙ্গি প্রকাশ করছি, দেশের জন্য কথা বলছি। আমাদের দৃষ্টিভঙ্গি যেটাই হোক না কেন, আমার এটা ভেবেই ভালো লাগছে যে মানুষ রাস্তায় নামছে এবং নিজেদের বক্তব্য প্রকাশ করছে। আমার মনে হয় এটা খুব দরকার ছিল। যদি সমাজে আমরা কিছু পরিবর্তন আনতে চাই, তাহলে মুখ তো খুলতেই হবে।’

এর আগে স্পটবয় ডটকমকে দেওয়া এক সাক্ষাৎকারে মুখ খোলেন সুনীল শেঠি। তিনি বলেন, জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে যা হয়েছে, তা

অত্যন্ত দুঃখজনক। বিজেপি, কংগ্রেস, এনসিপি যে দলের সঙ্গেই যুক্ত থাকুন না কেন, শিক্ষার্থীদের ওপর এভাবে হামলা কখনোই সমর্থনযোগ্য নয়। মুখোশ পরে ছাত্রছাত্রীদের ওপর হামলা, এটা পুরুষোচিত কাজ নয় বলে প্রশ্ন তোলেন সুনীল শেঠি।

হিন্দু, মুসলিম, শিখসহ সবাই যাতে একসঙ্গে ভারতে বসবাস করতে পারেন, সেই আবহাওয়া তৈরি করতে হবে বলেও মন্তব্য করেন সুনীল শেঠি।

সাধারণ মানুষ থেকে শুরু করে বলিউড তারকারা—দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গত রোববারের হামলার প্রতিবাদে ঝড় উঠেছে অন্তর্জালেও। শাবানা আজমি থেকে স্বরা ভাস্কর, তাপসী পান্নু, অনিল কাপুর, দীপিকা পাড়ুকোন, অনুরাগ কাশ্যপ এ ঘটনায় তীব্র নিন্দা করেছেন।

প্রধানমন্ত্রীর নতুন বছর শুরু পুরনো সব ফাইল ক্লিয়ার

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুরনো বছরের সব ফাইল ক্লিয়ার করে নতুন বছর শুরু করেছেন। তিনি কখনো পুরনো কাজ জমিয়ে রাখেন না। ২০১৯ সালের যেসব ফাইল বাকি ছিল বছরের শেষ দিনে ব্যস্ততার মধ্যেও অতিরিক্ত সময় দিয়ে তা শেষ করেছেন তিনি।

পুরনো সব কাজ শেষ করে নব উদ্যোমে নতুন বছর শুরু করেছেন চারবারের প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন গণমাধ্যমকে বলেন, ২০১৯ সালের সব কাজ ১৯শেই শেষ করে দিয়েছেন। কোনো ফাইল ২০২০ পর্যন্ত টেনে আনেননি। ওনার সব ফাইল উনি ক্লিয়ার করেছেন।

তিনি আরও বলেন, প্রধানমন্ত্রীর কাছে প্রচুর ফাইল থাকে। গতকাল বছরের শেষ দিনে আট বক্স ফাইল ছিল প্রধানমন্ত্রীর কাছে। উনি গতকালই বাকি থাকা সব ফাইল পুঙ্খানুপুঙ্খভাবে দেখে ক্লিয়ার করেছেন। পুরাতন বছরের সব কাজ নতুন বছর শুরুর আগেই শেষ করেছেন।

[redacted]

[redacted]

মাহি আজও সত্যিকারের প্রেমের দেখা পাননি

‘ভালোবাসার রং’ ছবি দিয়ে ঢালিউডে মাহিয়া মাহির অভিষেক হলেও আজও ‘সত্যিকারের’ প্রেমের দেখা পাননি এ নায়িকা। তবে বহুবার তাঁর পাশে জড়িয়েছে অনেকের নাম।

‘ভালোবাসার রং’ ছবি দিয়ে মাহিকে সঙ্গে নিয়ে যাত্রা শুরু করে প্রযোজনা প্রতিষ্ঠান জাজ মাল্টিমিডিয়া। ক্যারিয়ারের শুরুতেই প্রতিষ্ঠানের কর্ণধার আবদুল আজিজের সঙ্গে তাঁর প্রেমের গুঞ্জন ছড়ায়। যদিও বরাবরই মাহি সেসব অস্বীকার করেছেন। তবে আবদুল আজিজ তাঁর ফেসবুক স্ট্যাটাসে মাহির সঙ্গে প্রেমের কথা স্বীকার করেন। এ নিয়ে গণমাধ্যমে খবরও বেরোয়।

অনেকটা হুট করেই বিয়ে করেন জনপ্রিয় চিত্রনায়িকা মাহিয়া মাহি। ২০১৬ সালের ২৪ মে উত্তরায় মাহির নিজের বাসায় বিয়ে সম্পন্ন হয়। পাত্র সিলেটের ব্যবসায়ী মাহমুদ পারভেজ অপু।

গত বছর মাহি-অপুর মধ্যে বিচ্ছেদের গুঞ্জন শোনা গেলেও দুজনই নিজেদের সুখী দম্পতি দাবি করেন। বিয়ের পর দুজনকে ফেসবুকে নিয়মিত দেখা গেলেও বছরখানেক ধরে তাঁদের যুগল ছবি দেখা যাচ্ছে না। এমনকি সদ্য থার্টিফার্স্ট নাইটেও স্বামী অপু নয়, অন্তর্জালে বন্ধুদের নিয়ে ছবি প্রকাশ করেছেন মাহি। চিত্রনায়ক জায়েদ খানের সঙ্গে প্রেম করছেন বলেও গুঞ্জন রয়েছে।

যদিও এর আগে জায়েদ খান বিষয়টি ‘গুজব’ বলে উড়িয়ে দিয়েছেন।
২০২০ সালের নতুন ভোর দেখার জন্য যখন সবাই জানালা খুলেছেন, তখনই অন্তর্জাল অন মাহিয়া মাহির। ভোর ৫টার দিকে ফেসবুকে স্ট্যাটাসে ছড়ান হাহাকার। অনুরাগীদের জানান, আজও প্রকৃত প্রেমের দেখা পাননি।

২০১২ সালে শাহীন সুমন পরিচালিত ‘ভালোবাসার রং’ চলচ্চিত্রে অভিনয়ের মধ্য দিয়ে মাহিয়া মাহির অভিষেক ঘটে। এরপর শাহীন সুমন পরিচালিত ‘অন্যরকম ভালোবাসা’, জাকির হোসেন রাজুর ‘পোড়ামন’, পিএ কাজলের ‘ভালোবাসা আজকাল’, মনতাজুর রহমান আকবরের ‘তবুও

ভালোবাসি’, ওয়াজেদ আলী সুমনের ‘কী দারুণ দেখতে’, ইফতেখার চৌধুরীর ‘অগ্নি’, জাকির হোসেন রাজুর ‘দবির সাহেবের সংসার’, ‘অনেক সাধের ময়না’, সাফিউদ্দিন সাফির ‘হানিমুন’, সৈকত নাসিরের ‘দেশা: দ্য লিডার’, আবদুল আজিজের ‘রোমিও বনাম জুলিয়েট’ সাফি উদ্দিন সাফির ‘বিগ ব্রাদার’, সাফি উদ্দিন সাফির ‘ওয়ার্নিং’, ইফতেখার চৌধুরীর ‘অগ্নি-টু’ মেহের আফরোজ শাওনের ‘কৃষ্ণপক্ষ’, জাকির হোসেন রাজুর ‘অনেক দামে কেনা’, দীপংকর দীপনের ‘ঢাকা অ্যাটাক’সহ আরো সিনেমা মুক্তি পায়।

মাহিয়া মাহিকে সর্বশেষ মাহমুদ হাসান শিকদারের পরিচালনায় ‘অবতার’ সিনেমায় দেখা গেছে। তবে দর্শককুলে তেমন সাড়া জাগাতে পারেনি ছবিটি।

হরিনাকুন্ডুতে বিশেষ অভিযানে দুই মাদক ব্যবসায়ী গ্রেফতার

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে পুলিশ ও র্যাবের পৃথক অভিযানে ২ মাদক কারবারী আটক হয়েছে।
আটক মাদক কারবারীরা হলো-উপজেলার হরিশপুর গ্রামের রব্বানী মন্ডলের ছেলে বারেক আলী (২৮) ও পার্শ্ববর্তী চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলার মোহাম্মদ জুমা গ্রামের আলী বক্সের ছেলে রেজাউল ইসলাম (৪৮)।
গতকাল বুধবার সকালে উপজেলা শহরের (লালনশাহ কলেজ) চাতাল মোড় এলাকা থেকে পুলিশ ও র্যাবের পৃথক দুটি টিম তাদেরকে গ্রেফতার করে। এ সময় তাদের কাছ থেকে ২৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে। হরিনাকুন্ডু থানার ওসি আসাদুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে বুধবার সকালে তাদেরকে শহরের বৈঠাপাড়া গ্রামের চাতাল মোড় এলাকা থেকে তাদেরকে আটক করা হয়। আটক ব্যক্তিদের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পুলিশ ও র্যাবের পৃথক দুটি মামলায় কোর্ট হাজতে প্রেরণ করা হয়েছে।

– হরিনাকুন্ডু প্রতিনিধি

সরকারি কাজে বাধা, ছাত্রলীগ নেতার কারাদন্ড

সরকারি কাজে বাধা দেওয়ার দায়ে জয়পুরহাটের আক্কেলপুর উপজেলায় এক ছাত্রলীগ নেতাকে এক মাসের বিনাশ্রম কারাদ- দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। সাজা পাওয়া ওই ছাত্রলীগ নেতার নাম রোম্মান হোসেন। তিনি গোপীনাথপুর ইউনিয়নের ভিকনী গ্রামের বাসিন্দা। তিনি গোপীনাথপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি।

রোম্মানকে গতকাল বৃহস্পতিবার দুপুরে কারাগারে পাঠানো হয়েছে। রোম্মান হোসেনের দলীয় পরিচয় নিশ্চিত করেছেন আক্কেলপুর উপজেলা ছাত্রলীগের আহ্বায়ক খাদেমুল ইসলাম।

ভ্রাম্যমাণ আদালত ও স্থানীয় সূত্রে জানা গেছে, রোম্মান হোসেন দলীয় প্রভাব খাটিয়ে ভিকনী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে বিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রমে বাধা দিতেন। এ সময় তিনি ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক ও শিক্ষার্থীদের সঙ্গে অসদাচরণ করতেন। এ নিয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও পরিচালনা কমিটি রোম্মানের সঙ্গে একাধিকবার বৈঠকে বসে মিটমাটের চেষ্টা করেছে। এতেও রোম্মান ক্ষান্ত হননি। সকালে রোম্মান দলবল নিয়ে বিদ্যালয়ে যান। এরপর প্রধান শিক্ষককের সঙ্গে অসদাচরণ ও বিদ্যালয় পরিচালনার কাজে বাধা দেন। প্রধান শিক্ষক বিষয়টি উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে জানান।

ভিকনী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাছুদা খানম বলেন, রোম্মান হোসেন আগেও একাধিকবার বিদ্যালয়ে এসে শিক্ষকদের সঙ্গে অসদাচরণ ও কাজে বাধা দিয়েছেন। বিদ্যালয় চলাকালে এসে তিনি আবারও একই আচরণ করছিলেন। এ জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ঘটনাস্থলে এসে রোম্মানকে কারাদ- দিয়েছেন।

প্রধান শিক্ষক মাছুদা খানম বলেন, ‘কারাদ-◌ের পর রোম্মান হুমকি দিয়ে বলেছেন, জেল থেকে ছাড়া পেয়ে আমাকে দেখে নেবেন।’
আক্কেলপুর উপজেলা ছাত্রলীগের আহ্বায়ক খাদেমুল ইসলাম বলেন, রোম্মান তাঁকে জানিয়েছেন, তাঁর বাড়ির পাশেই ভিকনী সরকারি

প্রাথমিক বিদ্যালয়। দীর্ঘদিন ধরে বিদ্যালয়টিতে বেলা দুইটার পর ঠিকমতো পাঠদান হয় না। এরই প্রতিবাদ করতে গিয়েছিলেন রোম্মান। এ ঘটনায় ছাত্রলীগের পক্ষ থেকে তদন্ত করা হবে।

ভ্রাম্যমাণ আদালতের হাকিম ইউএনও জাকিউল ইসলাম বলেন, সরকারি কাজে বাধা দেওয়ায় রোম্মান হোসেনকে এই সাজা দেওয়া হয়েছে।
আক্কেলপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কিরণ কুমার রায় বলেন, রোম্মানকে দুপুরে কারাগারে পাঠানো হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

একই পরিবারের চারজনের মৃত্যু

চাঁদপুরে বজ্রপাতে দুই শিশুসহ একই পরিবারের চারজন নিহত হয়েছে।
আজ রবিবার দুপুরে চাঁদপুর তিন নদীর মিলনস্থল বড়স্টেশন মোলহেড এলাকায় মর্মান্তিক এই দুর্ঘটনা ঘটে। এখানে বেড়াতে এসে তারা এ ঘটনার শিকার হন।

নিহতরা হলেন কুমিল্লার চান্দিনা উপজেলার লক্ষ্মীপুর গ্রামের সুলতান মিয়ার স্ত্রী অহিদা বেগম (৬০), তার মেয়ে রেহেনা বেগম (৩২)। রেহানার ছেলে ষষ্ট শ্রেণি ছাত্র সাব্বির হোসেন এবং দ্বিতীয় শ্রেণিতে পড়ুয়া মেয়ে সামিয়া আক্তার।

নিহত অহিদা বেগমের মেয়ে শাহিদা বেগম জানান, তার মা, বোন ও তাদের সন্তানদের নিয়ে চাঁদপুর তিন নদীর মিলনস্থল বড়স্টেশন মোলহেড এলাকায় ঘুরতে আসেন। এ সময় বৃষ্টিপাত শুরু হলে তারা একটি বটগাছের নিচে আশ্রয় নেন। এ সময় টানা বজ্রপাত শুরু হলে তিনিসহ কয়েকজন দৌড়ে অন্যত্র চলে যান। তবে সেখানে ওই বটগাছের নিচে থাকায় বৃদ্ধা মা, বোন এবং বোনের দুই শিশু সন্তান ঘটনাস্থলে মারা যান।

এদিকে আকস্মিক বজ্রপাতের পর স্থানীয়দের সহযোগিতায় এই চারজনকে উদ্ধার করে চাঁদপুর ২৫০ শয্যার সরকারি জেনারেল হাসপাতালে নিয়ে আসা হয়। হাসপাতালের দায়িত্বরত চিকিৎসক সুজাউদ্দৌলা রুবেল জানিয়েছেন, বজ্রপাতে আহতদের হাসপাতালে আনার পরই তাদের মৃত ঘোষণা

করা হয়।

অন্যদিকে সদর মডেল থানার উপ-পরিদর্শক পলাশ বড়ুয়া জানান, নিহতের সুরতহাল তৈরি করা হয়েছে। ময়না তদন্ত শেষে লাশগুলো পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

এমপি ডেস্ক

যুবলীগ নেতা সম্রাটকে কুমিল্লা থেকে গ্রেপ্তার

কুমিল্লার চৌদ্দগ্রাম থেকে যুবলীগ নেতা ইসমাইল চৌধুরী সম্রাট কে গ্রেফতার করেছে র্যাব। র্যাবের মুখপাত্র সারোয়ার বিন কাসেম এই খবর নিশ্চিত করেন ।

সুনির্দিষ্ট মামলায় তাকে গ্রেফতার করা হয়েছে বলে জানিয়েছে র্যাব। তবে মামলার বিস্তারিত বলতে রাজী হননি র্যাবের এই কর্মকর্তা।

তাকে ঢাকায় নিয়ে আসা হবে বলে জানাচ্ছেন কর্মকর্তারা।

বাংলাদেশে গত কয়েক সপ্তাহ ধরে অবৈধ ক্যাসিনো-সহ নানা দুর্নীতির বিরুদ্ধে চলা অভিযান চলছে এবং এই পুরো সময়টা ধরেই আলোচনার শীর্ষে ছিলেন এই যুবলীগ নেতা।

একদিনে বাংলাদেশের স্থানীয় গণমাধ্যমগুলোতে প্রায় প্রতিদিনই সম্রাটের অবস্থান এবং কর্মকাণ্ড নিয়ে নানা ধরণের প্রতিবেদন প্রকাশ হয়েছে।

এমপি ডেস্ক

মহাজনী কারবারী সেলিনার অত্যাচারে অতিষ্ট গ্রামবাসীর মানববন্ধন

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার কাপাশহাটিয়া ইউনিয়নের শাখারীদাহ গ্রামের এক সুদখোর মহাজনী কারবারী সেলিনা খাতুনের পাতানো ফাঁদে পড়ে অসহায় হয়ে পড়েছে হাড়ি পাতিল ব্যবসায়ী পল্টু সহ ঐ গ্রামের কয়েকটি পরিবার।

সুদখোর মহাজনী কারবারি প্রভাবশালী সেলিনা খাতুনের অত্যাচারে অতিষ্ট ঐ পরিবারের সদস্যরা রবিবার সকাল ১১ ঘটিকায় হরিণাকুন্ডু উপজেলা পরিষদ মোড়ে এক মানব বন্ধন করে। এ সময় তারা উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও প্রেসক্লাব বরাবর লিখিত অভিযোগ করেন। অভিযোগে ক্ষতিগ্রস্ত পল্টু, বজলু, নাজের আলী, আলতাফ হোসেন ও ফিরোজ আলী মহাজনী কারবারী সেলিনা খাতুনের বিচার দাবী করেন।

লিখিত অভিযোগে অসহায় ঐ পরিবারের সদস্যরা জানান, তারা একজন সামান্য হাড়িপাতিলের ব্যাবসায়ী, শাখারীদাহ বাজারের বজলুর মিলের মালিক সেলিনার কাছ থেকে বিভিন্ন সময়ে নগদে ও বাকিতে কিছু খুদ, চাউল সরিষার তৈল,নারকেল তৈল নিয়ে থাকি যা বছর শেষে সম্পূর্ণ টাকা পরিশোধ করিলেও নগদ দেওয়া টাকা জমা না করিয়া চক্রবৃদ্ধি হারে কয়েক শতগুন বাড়িয়ে আমাদের উপর মিথ্যা মামলা দায়ের করে, যা সঠিক নয়।

সরোজমিনে ঘটনার সত্যতা জানতে গেলে জানতে ঘটনাস্থলে গেলে পল্টু সহ ভুক্তভোগীরা সহ অনেকে উপস্থিত হয়ে বলেন,আমরা হতদরিদ্র পরিবারের মানুষ, সামান্য হাড়িপাতিলের ব্যাবসায়ের ওপর নির্ভর করে চলে আমাদের সংসার। এর মাঝে বন্ধু সেজে সেলিনা খাতুন, উপকারের নামে আমাদের পেটে খাওয়ার জন্য তার মিলের চাল-খুদ ও তৈল দিয়ে এখন ৬লক্ষ টাকা দাবি করে মিথ্যা মামলা করেছে যা সম্পর্ণ মির্থ্যা ও বানোয়াট। জাল ষ্ট্যাম্পে আমাদের নামে আদালতে মামলা করেছে যা সাজানো ও মিথ্যা। আমরা কিস্তি তুলি কিস্তি দিই কিন্তুু কোন ষ্টাম্পে কোন স্বাক্ষর করিনি অথচ নোটিশ পাঠিয়ে আমাদের হয়রানি করা হচ্ছে। মিথ্যা মামলার শিকার পল্টু বলেন, আমি ছাড়াও তার

পাতানো সুদের ফাঁদে পড়ে গ্রামের অনেকে ৫ হাজার টাকার চাল, তৈল নিয়ে ১ লাখ ৫০ হাজার টাকা দিয়েছেন। এভাবে সে আমার মত গ্রামের আরও অনেক মানুষের কাছ থেকে এভাবে ফাঁদে ফেঁলে কয়েক লক্ষ টাকা হাতিয়ে নিয়েছেন বলে তিনি উল্লেখ করেছেন।

এ ব্যাপারে স্থানিয় জনপ্রতিনিধি ও ইউপি মেম্বর জাহাঙ্গীর আলম জানান,আপনি দেখুন এই বাড়ীতে কি ৬ লক্ষ টাকা দেওয়া যায়, যায় না। তবে সামান্য কিছু টাকা হয়ত পেতে পারে,যার জন্য অনেক বার স্থানীয় ভাবে বসে সমাধানের চেষ্টা করা হয়েছে। এ ব্যাপারে মহাজনী কারবারী সেলিনা খাতুনের নিকট জানতে চাইলে তড়িঘড়ি করে পালিয়ে যান। এ সময় তার মেয়ে ও স্বামী বলেন, আমরা পল্টু সহ অনেকের কাছে নগদ টাকা পাব যার প্রমাণ ষ্ট্যাম্পে স্বাক্ষর আছে।

এ দিকে বিষয়টি নিয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন ও উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা বলেন, এ ভাবে বিনা লাইসেন্সে মহাজনী কারবারী সম্পূর্ণ অবৈধ ও বে-আইনী, তদন্ত সাপেক্ষে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেপ্র/ হরিণাকুন্ডু সংবাদদাতা

সন্ত্রাসী জিসানকে দেশে আনার কার্যক্রম শুরু : আইজিপি

পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড. জাবেদ পাটোয়ারী বলেন, সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে গ্রেফতার শীর্ষ সন্ত্রাসী জিসানকে দ্রুত দেশে ফিরিয়ে আনার প্রক্রিয়া শুরু হয়েছে। দুবাইয়ের সঙ্গে বাংলাদেশের বন্দী বিনিময় চুক্তি না থাকলেও কূটনৈতিক ও আইনি প্রক্রিয়ার মাধ্যমে তাকে আনা হবে।
গতকাল শনিবার সাংবাদিকদের একথা জানান আইজিপি ড. জাবেদ পাটোয়ারী। স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঘোষিত দেশের গত এক দশকের শীর্ষ ২৩ সন্ত্রাসীর একজন হলো জিসান। তাকে ধরিয়ে দেয়ার জন্য পুরস্কার ঘোষণা করা হয়েছিল।
এর আগে গত বুধবার রাতে জিসানকে গ্রেফতার করা হয় বলে জানান পুলিশ

সদর দফতরের এআইজি (ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরো) মহিউল ইসলাম। মহিউল ইসলাম বলেন, ইন্টারপোলের মাধ্যমে গ্রেফতার করা হয়েছে বলে দুবাই কর্তৃপক্ষ বাংলাদেশকে জানিয়েছে। এছাড়া দুবাই কর্তৃপক্ষ তাকে (জিসানকে) যথাযথ কর্তৃপক্ষের কাছে হস্তান্তরের প্রস্তুতি নিচ্ছে বলেও জানান তিনি।